# KHABOR SOJASUJI

# খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ

প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র



খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৪৩৪৫৬৬৪৯৮

www.khaborsojasuji.com



Vol-3 ● Issue- 03 ● Bardhaman ● 15 July 2025 ● Rs. 2.00 ( Four Pages ) ● Mobile - 9434566498


## এক নজরে

● কালাড়াঘাট থেকে পলেমপুর যাবার রাস্তা রাজ্যের অ্যাপ্রুভালের জন্য পাঠানো হয়েছে। রাজ্যের অ্যাপ্রুভাল পেলেই রাস্তার কাজ শুরু হবে বলে জানালেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার। এই মুহূর্তে সাধারণ মানুষের সুবিধার্থে রাস্তার গর্ত গুলো বোজানোর ব্যবস্থা করা হবে বলে জানান তিনি।

● শুভেন্দু অধিকারী বলছেন হিন্দু হিন্দু ভাই ভাই,আর শমিক ভট্টাচার্য বলছেন আমরা মুসলিম বিরোধী নই। দু'জন নেতার দু'রকম কথা ! কোন্ টা মুখ আর কোন্ টা মুখোশ চেনা বড় দায় !

● "এই চোদ্দ পনেরো বছরে মোসলমানকে এত ভালোবেসেছে এত ভালোবেসেছে যে একশোটা সরকারি কর্মচারী থাকলে তার মধ্যে আপনি একটাও মোসলমান খুঁজে পাবেন না", সরকারি চাকরিতে মুসলমানদের নিয়োগ ইস্যুতে তৃণমূলকে নিশানা করে তীব্র কটাক্ষ করলেন আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী।

● "আমরা কুরবানীর গোস বা জগন্নাথ ধামের প্রসাদ চাই না রেশনের মাধ্যমে। ফ্যামিলি পিছু একটা করে চাকরি চাই। রেশনের মাধ্যমে নয়, পোস্ট অফিস দিয়ে চাকরির চিঠি আসুক প্রতিটি পরিবারে",তাৎপর্যপূর্ণ মন্তব্য করলেন আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী।

● চাষিদের কাছ থেকে জলকর তুলে তা সময়ে জমা না করে নিজের ব্যবসায় খাটান বলে অভিযোগ ধনেখালির পলাশী ১নং আরএলআই সেন্টারের অপারেটর স্বরূপ পালের বিরুদ্ধে। টাকা জমা দিলেও সময়ে রসিদও মেলে না বলে অভিযোগ চাষীদের।প্রচন্ড ক্ষুব্ধ এলাকার চাষীরা।

● বিজেপির রাজ্য সভাপতি হলেন শমীক ভট্টাচার্য।

● "পথ কুকুরদের মিড ডে মিলের ব্যবস্থা হলেও আন এডেড মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা এই প্রকল্প থেকে বঞ্চিত ! কুকুরের সন্তানের থেকেও খারাপ অবস্থা মুসলমান সম্প্রদায়ের সন্তানের ! মুসলিম তোষণের নামে মুসলিম শোষণ", মিড ডে মিল ইস্যুতে রাজ্য সরকারকে নিশানা করে সমাজ মাধ্যমে বিস্ফোরক মন্তব্য করলেন আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী।

● "পঞ্চায়েত সমিতির সভাপতি

(এরপর চারের পাতায়)

## খাল সংস্কারের অজুহাতে নির্বিচারে কাটা হচ্ছে গাছ ! নির্বিকার প্রশাসন

নিজস্ব প্রতিবেদন - পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের পাড়াতল ২ নং গ্রাম কাঁঠাল বাগান থেকে শ্রীমানপুর কালভার্ট পর্যন্ত ডিভিসির সাধুমতী



পঞ্চায়েতের অন্তর্গত শিপতাইয়ে সাধুমতী সেচ খাল সংস্কারের অজুহাতে নির্বিচারে কেটে ফেলা হচ্ছে বাঁধের গাছ,অভিযোগ ।শিপতাই সেচ ক্যানেলের বাঁধের দু'পাশের বেশ কিছু গাছ খাল সংস্কারের অজুহাতে ইতিমধ্যেই কেটে ফেলা হয়েছে বলে

(এরপর দুয়ের পাতায়)



পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের অমরপুরে নদী পারাপারের জন্য একমাত্র ভরসা কাঠের ব্রিজ। কিন্তু বর্ষায় নদীতে জল বাড়লেই কাঠের ব্রিজও খুলে ফেলা হয় ।জীবনের ঝুঁকি নিয়ে চলে নৌকা পারাপার ।অমরপুরে দামোদরের ওপর একটি কংক্রিটের ব্রিজের দাবি বহুদিনের। ভোট এলেই নেতারা আশ্বাস দেন কংক্রিটের ব্রিজের। কিন্তু ভোট আসে ভোট যায়,কংক্রিটের ব্রিজ আর হয় না ।চরম ক্ষুব্ধ এলাকার মানুষজন।




ক্ষেত মজুরদের মজুরি বৃদ্ধির দাবিতে শুক্রবার ধনেখালিতে অনুষ্ঠিত হল সিপিএমের মিছিল। উপস্থিত ছিলেন সিপিএম নেত্রী বন্যা টুডু, ক্ষেত মজুর ইউনিয়নের রাজ্য সভাপতি তুষার ঘোষ সহ অন্যান্য নেতৃবৃন্দ।

## পরিবার পিছু একজনকে চাকরি দেবার দাবিতে সরব নওসাদ সিদ্দিকী

নিজস্ব সংবাদদাতা - রাজ্যে ক্রমবর্ধমান বেকারত্ব দূর করতে সরকার পরিবার পিছু একজনকে




চাকরি দিক। কিন্তু সেটা না করে সরকার অহেতুক ধর্মীয় উন্মাদনায় মানুষকে মাতিয়ে রাখছে। এই বিষয়ে কেন্দ্রের বিজেপি সরকার ও রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের কোন তফাত নেই। সম্প্রতি উত্তর ২৪ পরগনার বসিরহাটের এক জনসভায় এই মন্তব্য করে ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-এর চেয়ারম্যান ও বিধায়ক নওসাদ সিদ্দিকী বলেন, হিন্দু-মুসলিম-দলিত-আদিবাসী সবাইকে একজোট হয়ে গণতান্ত্রিক প্রক্রিয়ায় এদেরকে ক্ষমতার মসনদ থেকে সরাতে হবে। তিনি এদিন বিভিন্ন ইস্যুতে তাঁর বক্তব্য তুলে ধরেন। পরিযায়ী শ্রমিকরা অন্য রাজ্যে গিয়ে যে হেনস্থা ও আক্রমণের শিকার হচ্ছেন,সেই কথা উল্লেখ করে তিনি বলেন, অবিলম্বে রাজ্য সরকারকে ইতিবাচক পদক্ষেপ নিতে হবে ।শ্রমিকদের পরিচয়পত্র প্রদান ও রাজ্যগুলিতে নোডাল অফিসার নিয়োগের করতে হবে।সম্প্রতি নদীয়ার কালীগঞ্জে যেভাবে তামান্না খাতুন নামের একটি বাচ্চা মেয়েকে খুন করা হল ও কলকাতায় একটি কলেজ চত্বরে একজন গণধর্ষণের শিকার হল তার তীব্র সমালোচনা করে নওসাদ সিদ্দিকী বলেন,শাসকদলের মদতে এই রাজ্যে লুম্পেন রাজ চলছে ।এর অবসান ঘটাতে হবে ।চাকরিতে সংরক্ষণ নিয়েও রাজ্য সরকারের ভূমিকার কড়া সমালোচনা করেন নওসাদ সিদ্দিকী। তিনি বলেন,রাজ্য সরকারের অকর্মণ্যতার জেরে ওবিসি ভুক্ত মানুষেরা বিপদে পড়েছেন। আইএসএফ চেয়ারম্যান ওয়াকফ সংশোধনী আইন প্রত্যাহারের দাবি জানিয়ে বলেন,এটি কোন ধর্মীয়

(এরপর দুয়ের পাতায়)



ধনেখালি বিধানসভার দাদপুর থানার বাবনান গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গোকুলপুর মেলা তলা থেকে তাহের আলির বাড়ি পর্যন্ত প্রায় এক কিলোমিটার রাস্তার বেহাল দশা। চলাফেরা করাই দায় ।চরম ভোগান্তির শিকার পথ চলতি মানুষজন।




ধনেখালির বোসো চারা বাগানে ১৭ নং রাস্তার পাশের এগ্রো প্রোডাক্টস রাইস মিলের চিমনি থেকে উড়ছে ছাই,তুষ ও কুড়ো ।উড়ন্ত ছাই,তুষ,কুড়া এসে পড়ছে পথচারী ও গাড়ি চালকদের চোখে, অভিযোগ। ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন ।রাস্তায় যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।

# খবর সোজাসুজি

Volume-3 ● Issue- 03 ● 15 July, 2025


## খবরের কাগজ ঠোঙা হবে !

সংবাদপত্র তো ঠোঙা হবে ! যত খুশি লিখুক,কুছ পরোয়া নেই ।আজকের খবরের কাগজ তো কালকে ঠোঙা হয়ে যাবে ।আমরা আমাদের মতো চলবো ।রাজনীতির কারবারিদের এক শ্রেণীর মনোভাব এখন এটাই ।একদম ডোন্ট কেয়ার মনোভাব ।সব কিছু উল্টে পাল্টে দে মা,লুটে পুটে খাই ! কিন্তু আজকের খবরের কাগজ কালকে ঠোঙা হবে সেটা তো সবাই জানে ।এটা নতুন কথা নয়। কিন্তু রাজনীতির কারবারিরা যখন এই কথাটা বলেন তখন তাদের ক্ষমতার ঔদ্ধত্যই প্রকাশ পায় ।কেউ কেউ এমন ভাব করেন যেন রাজ্যটা তাদের পৈতৃক সম্পত্তি। চিরদিন তারা ক্ষমতায় থাকবেন ।তাদের মনে রাখা দরকার কোনো শাসকই অমর ফল খেয়ে আসেনি ।একদিন না একদিন পতন অনিবার্য। মানুষের একটা আঙ্গুলের ছাপই বদলে দিতে পারে রাজনীতির পাশা খেলা। গদি আজ আছে,কাল নেই ।রাজনীতিতে শেষ কথা বলে কিছু হয় না। 'আমিই সব' এই মনোভাবই কিন্তু পতনের মূল ।সংবাদপত্র তো সমাজের দর্পণ। সরকারের ভালো মন্দ এবং গঠনমূলক সমালোচনা করাই তো সংবাদ মাধ্যমের কাজ ।সমালোচনা সহ্য করার ক্ষমতা অর্জন করতে হবে। এবং ভুল ত্রুটি শুধরে নিয়ে নিজেকে সংশোধন করার চেষ্টা করতে হবে। তা না করে বিরুদ্ধে খবর হলেই যদি কেউ ভাবেন ও আমার শত্রু তাহলে কিন্তু খুব মুশকিল। মনের মতো খবর না হলেই যদি গোঁসা হয় তাহলে তো ভারি সমস্যা। অন্ধ সাপোর্ট বা অন্ধ বিরোধীতা কোনোটাই ভালো নয় ।ক্ষমতার দম্ভে সংবাদপত্রকে কেউ গুরুত্ব দিক আর নাই দিক লেখা কিন্তু বন্ধ হবে না। কলম চলতেই থাকবে ।সর্বদাই মনে রাখবেন,অসির চেয়ে মসি বড় ।ক্ষমতার দম্ভ কখনও স্থায়ী হয় না ।পতন অনিবার্য। শুধু সময়ের অপেক্ষা। তাই সাধু সাবধান ! খবরের কাগজকে শত্রু ভাববেন না, তুচ্ছ জ্ঞান করবেন না। মনে রাখবেন কাঁটা যতই ছোট হোক,ব্যথা দেওয়ার ক্ষমতা রাখে।

## জনগণের পক্ষে

মনের মতো খবর না হলেই গোঁসা ! কেউ বলছে সিপিএমের পক্ষে কথা বলছে,কেউ বলছে বিজেপির পক্ষে কথা বলছে। আবার কেউ বলছে এরা তৃণমূলের পক্ষে। সবিনয়ে জানিয়ে রাখি,আমরা কারো পক্ষে বা বিপক্ষে নই,আমরা জনগণের পক্ষে। আমরা সোজা কথা সোজাসুজি বলতে পছন্দ করি। শাসক এবং বিরোধী,উভয় দলেরই ভাল-মন্দ নিয়ে আমরা আলোচনা-পর্যালোচনা করি ।প্রয়োজনে করি গঠনমূলক সমালোচনাও। এটাই সংবাদমাধ্যমের কাজ। এতে যদি কারও রাগ হয়,আমাদের কিছু করার নেই। আমরা খবর ছাপি, চাপি না।

ইসরাইল মল্লিক, সম্পাদক,খবর সোজাসুজি।

# প্লাস্টিক থেকে প্যারাসিটামল

**বিশ্ব রঞ্জন গোস্বামী**

সময়ের সাথে প্লাস্টিক আমাদের রোজকার জীবনে সঙ্গী হয়ে পড়েছে ।প্রতি বছর সারা বিশ্বে ৩০০ মিলিয়ন টনের বেশি প্লাস্টিকের তৈরি ব্যাগ,বোতল,গ্লাস,থালা ইত্যাদি মানুষের জীবনে ব্যবহার হয় ।এইসব জিনিস ব্যবহারের পর যত্রতত্র আবর্জনা হিসেবে আমরা ফেলে দিই ।প্লাস্টিকের বর্জ্য পচনশীল নয় ।এই কারণে জলজ ও স্থলজ পরিবেশ ব্যপকভাবে দূষিত হচ্ছে। আমাদের বাস্তুতন্ত্রের উপর এর প্রভাব মারাত্মক ।পরিবেশবিদরা আশংকা করছেন প্লাস্টিকের ব্যবহার দীর্ঘমেয়াদে আমাদের জীববৈচিত্র্যের ভবিষ্যত ও বাস্তুতন্ত্রের উপর মারাত্মক প্রভাব পড়তে বাধ্য ।আমরা এখন প্লাস্টিক বর্জ্যের সূদুর প্রসারী পরিনতির সাথে লড়াই করছি ।এই যখন অবস্থা তখন বিজ্ঞানীরা প্লাস্টিক বর্জ্য থেকে ব্যথা আর জ্বর কমানোর একটি ওষুধ তৈরি করে আশার আলো দেখাচ্ছেন।

যুক্তরাজ্যের এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা এসচেরিচিয়া কোলাই (ই কোলাই) ব্যাকটেরিয়া ব্যবহার করে পলিথিলিন টেরেফথালেট (পিইটি) প্লাস্টিক বর্জ্যকে প্যারাসিটামেটে রূপান্তর করার একটি প্রক্রিয়া তৈরি করেছেন। পলিথিলিন টেরেফথালেট (পিইটি),যা খাদ্য প্যাকেজিং এবং বস্ত্র শিল্পে ব্যবহৃত প্লাস্টিক। তারা ই কোলাই ব্যাকটেরিয়ার জেনেটিক কোড পরিবর্তন করে কাজটি করেন। এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের এক নতুন গবেষণা পরিবর্তিত এসচেরিচিয়া কোলাই ব্যাকটেরিয়া ব্যবহার করে পলিথিলিন টেরেফথালেট (পিইটি) প্লাস্টিক থেকে অণুকে অ্যাসিটামিনোফেন যৌগে রূপান্তর করে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছেন। এই অ্যাসিটামিনোফেন যা সাধারণত প্যারাসিটামল ওষুধ নামে পরিচিত। প্যারাসিটামল,যা অ্যাসিটামিনোফেন নামেও পরিচিত,ব্যথা এবং জ্বরের চিকিৎসায় ব্যাপকভাবে ব্যবহৃত হয়। সাধারণত অ্যাসিটামিনোফেন যৌগ জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে




তৈরি করা হয় ।তাতে বেশ কার্বন নিঃসরণ হয় ।এই আবিস্কারে একদিকে প্লাস্টিক দূষণ যেমন কমবে আর ওষুধ তৈরিতে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা অনেকটা কমে যাবে ।তবে প্রক্রিয়াটি শিল্প ও বাণিজ্যিক ভাবে তৈরি হতে কিছুদিন সময় লাগবে,কিন্তু এই নতুন প্রযুক্তি ওষুধ উৎপাদন এবং প্লাস্টিকের বর্জ্য থেকে দূষণ কমাতে যথেষ্ট সম্ভাবনা রাখে।

গবেষণা থেকে জানা যাচ্ছে এই পদ্ধতির বেশ কিছু সুবিধা আছে ।প্রক্রিয়াটি কোনো একটি ছোট পরীক্ষাগারে করা যেতে পারে ।ঘরের স্বাভাবিক তাপমাত্রায় কাজ করে। এমনকি খুব তাড়াতাড়ি ২৪ ঘন্টার মধ্যে ফলাফল পাওয়া যায় ।বিশেষজ্ঞরা বলছেন যে এই নতুন পদ্ধতিটি প্রমাণ করে যে কীভাবে রসায়নের কলাকৌশল জীববিজ্ঞানের সাথে কাজ করে জীবন্ত জীবাণু রাসায়নিক তৈরি করতে পারে ।একই সাথে বর্জ্য,গ্রিনহাউস গ্যাস নির্গমন এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কম করতে পারে ।সম্প্রতি এই গবেষণাটি নেচার কেমিস্ট্রি জার্নালে প্রকাশিত হয়েছে। আর EPSRC CASE পুরস্কারও পেয়েছে ।গবেষণাটি এডিনবার্গ ইনোভেশনসের (EI) সহযোগিতায় আর AstraZeneca নামক ওষধ কোম্পানি আর্থিক সহায়তা দেয় ।একটি সাধারণ ব্যাকটেরিয়া প্রতিদিনের প্লাস্টিক বর্জ্যকে ব্যথানাশক হিসেবে রূপান্তর করতে পারে ।এই আবিষ্কারের মাধ্যমে প্যারাসিটামল উৎপাদনে বিপ্লব আনা যেতে পারে ।এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের রাসায়নিক জৈবপ্রযুক্তিবিদ স্টিফেন ওয়ালেস বলেন "আমরা একটি পরিবেশগত এবং সামাজিক বর্জ্যকে এমন একটি বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ ওষুধে রূপান্তর করতে সক্ষম হয়েছি যা কেবল রসায়ন বা জীববিজ্ঞান ব্যবহার করে একদম অসম্ভব।" বিশেষজ্ঞরা বলছেন, অন্যান্য ওষুধ এবং রাসায়নিকের পাশাপাশি ব্যথানাশক ওষুধ তৈরির কারখানাগুলিতে প্রতি বছর হাজার হাজার টন জীবাশ্ম জ্বালানি ব্যবহার করা হয় - যা পরিবেশ দূষনের জন্য দায়ী ।এই অগ্রগতি পলিথিলিন টেরেফথালেট (PET) নামে পরিচিত একটি বহুল ব্যবহৃত প্লাস্টিক পুনর্ব্যবহারের জরুরি প্রয়োজনীয়তার সমাধান করে ।তাই বিজ্ঞানী ওয়ালেস বলেন,নতুন প্রক্রিয়াটি একদিন ওষুধ প্রস্তুত করার জন্য আরও নতুন পথ দেখাবে। এই মৌলিক গবেষণাটি সঠিক দিকে এগিয়ে চলেছে।

# নিজের বিধানসভা কেন্দ্রেই কালো পতাকা ও গো ব্যাক স্লোগান শুনলেন মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী !

নিজস্ব সংবাদদাতা - নিজের বিধানসভা কেন্দ্রেই কালো পতাকা ও গো ব্যাক স্লোগান শুনলেন রাজ্যের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী। অভিযোগের তীর পঞ্চায়েত সমিতির সভাপতি আহমেদ হোসেনের দিকে ।সিদ্দিকুল্লা চৌধুরীর অভিযোগ, পুলিশ চুপচাপ দাঁড়িয়ে ছিল। পুলিশ ইচ্ছা করলেই তাদের সরিয়ে দিতে পারতো। পুলিশ তা করেনি ।ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমানের মন্তেশ্বরের মালডাঙ্গা



এলাকায়। বৃহস্পতিবার ৩ জুলাই সকাল দশটা নাগাদ সেখানে পৌঁছালে প্রচুর মানুষ সিদ্দিকুল্লা চৌধুরীকে কালো পতাকা দেখায় এবং গো ব্যাক স্লোগান দেয় ।মন্তেশ্বরের ঘটনা প্রসঙ্গে সরাসরি মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ জানান মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী ।দলের নেতার বিরুদ্ধে গুন্ডাগিরির অভিযোগে সরব হন তিনি ।সুবিচার না পেলে দল ছাড়ার হুঁশিয়ারি দেন সিদ্দিকুল্লা চৌধুরী ।ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায় ।ঘটনায় জড়িত থাকার অভিযোগে ইতিমধ্যেই ১১ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

# অমরনাথ তীর্থযাত্রীদের জন্য বিনামূল্যে মেডিকেল পরিষেবা ভারত সেবাশ্রম সংঘের

নিজস্ব সংবাদদাতা - প্রতিবছরের মত এবারেও অমরনাথ তীর্থযাত্রীদের জন্য বিনামূল্যে মেডিকেল পরিষেবা চালু করল ভারত সেবাশ্রম সংঘ। অমরনাথের পথে চন্দনবাড়িতে মেডিকেল ক্যাম্পের মাধ্যমে তীর্থযাত্রীদের বিনামূল্যে ঔষধ দেওয়া হচ্ছে। এছাড়া পাহাড়ে ওঠার আগে তাদের অক্সিজেন লেভেল পরীক্ষা করার ব্যবস্থা করা হয়েছে ওই ক্যাম্পে। ভারত সেবাশ্রম সংঘের জম্মু শাখার প্রধান স্বামী সত্যমিত্রানন্দ মহারাজের নেতৃত্বে এই ক্যাম্প চলছে। এছাড়াও সঙ্ঘের জম্মু কার্যালয়ে তীর্থযাত্রীদের জন্যে ভান্ডরের ব্যবস্থা করা হয়েছে। সেখানে বিনামূল্যে থাকা খাওয়ার সুবিধা রয়েছে। ভারত সেবাশ্রম সংঘের প্রধান সম্পাদক স্বামী বিশ্বাত্মানন্দ মহারাজ জানিয়েছেন, অমরনাথের এই মেডিকেল ক্যাম্প বহু বছর ধরে তারা করে আসছেন। এবারেও কলকাতা সহ সংঘের বিভিন্ন শাখা কেন্দ্রগুলি থেকে সন্ন্যাসী ও স্বেচ্ছাসেবকরা অমরনাথে মেডিকেল পরিষেবা দিচ্ছেন ।অমরনাথ যাত্রা যতদিন চলবে অভিজ্ঞ চিকিৎকরা এই পরিষেবা দেবেন।

(প্রথম পাতার পর)
## পরিবার পিছু একজনকে চাকরি

আন্দোলন নয় ।দেশের সংবিধানকেই অবমাননা করছে এই আইন ।তাই এটিঙ্ঘ প্রত্যাহারের জন্য আপামর নাগরিককেই সোচ্চার হতে হবে ।তিনি আরও বলেন, ভোট যত এগিয়ে আসবে ধর্মীয় উন্মাদনার সৃষ্টি করে শাসকদল ভোট লুটতে চাইবে ।এটি বরদাস্ত করা যাবে না ।উত্তেজিত নাঙ্ঘহয়ে যারা এই অবস্থা সৃষ্টি করছে, তাদের বিরুদ্ধে থানায় অভিযোগ জানাতেঙ্ঘ হবে বলে মন্তব্য করেন তিনি।



হুগলি গ্রামীন পুলিশের গুড়াপ থানার উদ্যোগে ট্রাফিকে কর্মরত পুলিশ আধিকারিকদের নিয়ে সম্প্রতি অনুষ্ঠিত হল রোড অ্যাক্সিডেন্ট পরবর্তী সময়ে আহত ব্যক্তিকে কিভাবে স্থানীয় হসপিটালে নিয়ে যাওয়া হবে এবং প্রাইমারি চিকিৎসা কি করনীয় সে বিষয়ে আলোচনা সভা ।আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ডক্টর কৌশিক রক্ষিত এবং ডক্টর সমিরন মন্ডল ।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি গ্রামীন পুলিশের অ্যাডিশনাল এসপি হেডকোয়ার্টার কল্যাণ সরকার,ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী, সিআই ধনেখালি রামগোপাল পাল,গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত সহ অন্যান্য পুলিশ আধিকারিক বৃন্দ।



ধনেখালির কানানদী মোড় থেকেপরমানন্দপুর যাওয়ার রাস্তার বর্তমান ছবি ।বর্ষা তো দূরের কথা সামান্য বৃষ্টি হলেও হাটুসমান জল দাঁড়িয়ে যায় রাস্তায় ।এই সমস্যা শুধু আজকের নয়,প্রায় এক বছর ধরেই জল যন্ত্রণায় ভুগছেন এলাকার মানুষজন ।বেহাল নিকাশি ব্যবস্থা। রাস্তার পাশে নেই কোনো নিকাশি ড্রেন, অভিযোগ ।চাষীদের এই জলে দাঁড়িয়েই হাটে সবজি বিক্রি করতে হয় ।চরম ভোগান্তির শিকার স্থানীয় ব্যবসায়ী এবং পথ চলতি মানুষজন।

(প্রথম পাতার পর)
## খাল সংস্কারের অজুহাতে

অভিযোগ ।কিছু দিন আগে গোহালদহ থেকে খানপুর পর্যন্ত কানানদীর ড্রেজিংয়ের সময়ও নির্বিচারে কেটে ফেলা হয়েছে কানানদীর বাঁধের অসংখ্য গাছ ।গাছ কেটে বাঁধ দিয়ে করা হয়েছে মোরাম রাস্তা ।কিন্তু এখনও পর্যন্ত কানানদীর বাঁধে নতুন করে তৈরি করা রাস্তার পাশে একটাও গাছ বসানো হয়নি,অভিযোগ ।সব দেখে শুনেও নির্বিকার প্রশাসন ।বিশেষ প্রয়োজনে গাছ যদি কাটতেই হয় তাহলে নতুন করে তো গাছ বসাতে হবে ।গাছ বসানোর কোনো পরিকল্পনা না নিয়েই এভাবে নির্বিচারে সবুজ ধ্বংস করা হচ্ছে কেন ? বন দফতর করছে টা কি ? গাছ বাঁচিয়ে কি নদী/খাল সংস্কার করা যেত না ? উঠছে প্রশ্ন।

# তৃণমূল কংগ্রেসের উদ্যোগে রাজ্যে আত্মপ্রকাশ করল আলু ব্যবসায়ীদের নতুন সংগঠন !

নিজস্ব সংবাদদাতা - তৃণমূল কংগ্রেসের উদ্যোগে রাজ্যে আত্মপ্রকাশ করল আলু ব্যবসায়ীদের নতুন সংগঠন পশ্চিমবঙ্গ প্রোগ্রেসিভ পটেটো গ্রোওয়ার্স এন্ড ট্রেডার্স এসোসিয়েশন। রবিবার ৬ জুলাই হুগলির হরিপাল বিডিও অফিসে নতুন এই সংগঠনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হল।উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়,প্রাণী সম্পদ দপ্তরের মন্ত্রী স্বপন দেবনাথ,পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, কৃষি বিপনন মন্ত্রী বেচারাম মান্না সহ একাধিক বিধায়ক।এছাড়া হুগলি,বাঁকুড়া,বিষ্ণুপুর,বীরভূম, বর্ধমান সহ বিভিন্ন জেলার আলু ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না পশ্চিমবঙ্গ




আলু ব্যবসায়ী সংগঠনের নাম না করে বলেন আগে যে সংগঠন ছিল তারা দু একজন ব্যক্তিগত স্বার্থ দেখতো,তারা কোনো বৃহত্তর স্বার্থ দেখতো না।সেই সংগঠন রাজ্য সরকারের সিদ্ধান্তকে বিরোধিতা করতো।বারবার বিপাকে ফেলার চেষ্টা করছে সরকারকে।পাশপাশি তিনি আরো বলেন,আলু চাষী ও ব্যবসায়ীদের উন্নতি এবং সাধারণ মানুষের স্বার্থ দেখতে রাজ্যের মুখ্যমন্ত্রীর নির্দেশে এই নুতন সংগঠন গঠন করা হয়েছে। আলুকে শুধু রান্না ঘরে না রেখে প্রক্রিয়াকরণের মাধ্যমে বাণিজ্যিক ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে সংগঠনের পক্ষ থেকে।

# বনধের সমর্থনে সমুদ্রগড় স্টেশনে রেল অবরোধ

নিজস্ব সংবাদদাতা - প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করে শ্রমজীবী মানুষের ডাকা দেশব্যাপী সাধারণ ধর্মঘটের সমর্থনে পথে বাম কর্মী সমর্থকরা।অবিলম্বে ১০০ দিনের কাজ শুরু করা,বছরে ২০০ দিন কাজ এবং ৬০০ টাকা মজুরির দাবিতে, রাষ্ট্রায়ত্ত শিল্প বেচা বন্ধ করা, প্রিপেড মিটার স্থগিত নয় পুরোপুরি বাতিল করা, দ্রব্যমূল্য বৃদ্ধি সহ একাধিক দাবিকে সামনে রেখে আজ দেশজুড়ে ২৪ ঘন্টা সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে বামপন্থী ট্রেড ইউনিয়ন সহ একাধিক ট্রেড ইউনিয়ন।সেই দাবিগুলোকে সামনে রেখেই বনধের সমর্থনে প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করে বুধবার সকাল থেকেই পথে নামলেন বাম ট্রেড ইউনিয়ন সহ বাম




কর্মী সমর্থকেরা।আজ নাদনঘাট থানার নরসরতপুর পঞ্চায়েতের দলীয় কার্যালয় থেকে একটি মিছিল বের হয় বনধের সমর্থনে।এর পাশাপাশি তারা ব্যান্ডেল কাটোয়া শাখার সমুদ্রগড় স্টেশনে এসে ২০ মিনিট রেল অবরোধ করেন। বনধের সমর্থনে বৃষ্টিকে উপেক্ষা করেই রেলের ট্রাকে দাঁড়িয়ে ট্রেনের চাকা ২০ মিনিটের জন্য থামিয়ে দেন। এরপর তারা বনধে সমর্থনে সমুদ্রগড়ে এসটিকেকে রোড প্রায় ১৫ মিনিট অবরুদ্ধ করে রাখেন।এরপর নাদন ঘাট থানার পুলিশ এসে অবরোধ তুলে দেন।সকাল থেকেই মুষলধারে বৃষ্টি পড়ছে।সেই বৃষ্টিকে উপেক্ষা করেই এদিন বনধের সমর্থনে পথে নামেন বাম কর্মী সমর্থকরা।

# রাস্তাঘাটের খোঁজ খবর নিতে জামালপুর বিডিও অফিসে হাজির জেলা পরিষদের সভাধিপতি !

নিজস্ব প্রতিবেদন - বর্ষার মরশুম শুরু হয়ে গেছে।সেই প্রেক্ষিতেই জামালপুর ব্লকের রাস্তাঘাট নিয়ে আলোচনা করতে শুক্রবার ৪ জুলাই জামালপুর বিডিও অফিসে হাজির হন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার।বিডিও অফিসে অনুষ্ঠিত এই আলোচনায় উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলক কুমার মাঝি,জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক, সহ সভাপতি ভূতনাথ মালিক, বিডিও পার্থ সারথী দে,পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খাঁন,কৃষি কর্মাধ্যক্ষ জয়দেব দাস,জেলা পরিষদের দুই সদস্যা কল্পনা সাঁতরা ও শোভা দে সহ পঞ্চায়েতের প্রধান ও উপ প্রধানরা।শ্যামাপ্রসন্ন বাবু জানান, বর্ষার মরশুমে জামালপুরের কোন্ এলাকায় রাস্তাঘাটের অবস্থা কেমন তা



জানতে আজকের এই বৈঠক।তাকে কালাড়াঘাট থেকে পলেমপুর যাবার রাস্তার ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি বলেন, রাস্তাটি রাজ্যে অ্যাপ্রুভালের জন্য পাঠানো হয়েছে। অ্যাপ্রুভাল পেলেই রাস্তার কাজ শুরু হবে।তবে এই মুহূর্তে জেলা পরিষদ ৮ লক্ষ টাকা,জামালপুর পঞ্চায়েত সমিতি ৫ লক্ষ টাকা ও ডিএম ফান্ড থেকে কিছু টাকা নিয়ে গর্ত গুলো ভরাট করে দেওয়া হবে যাতে সাধারণ মানুষের কোনো অসুবিধা না হয়।জামালপুর পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খাঁন বলেন, জেলা সভাধিপতি এসেছিলেন ব্লকের রাস্তাঘাট নিয়ে আলোচনা করতে।কালাড়াঘাট থেকে পলেমপুর যাবার রাস্তার প্রাথমিক কিছু কাজ শীঘ্রই শুরু হবে বলে জানান তিনি।

# ভাগীরথীর করাল গ্রাসে নদীগর্ভে বিলীন ভিটে মাটি,আতঙ্কে এলাকাবাসী

নিজস্ব সংবাদদাতা - পূর্ব বর্ধমান জেলার পূর্বস্থলী ১ নম্বর ব্লকের



নসরতপুর পঞ্চায়েতের অন্তর্গত কিশোরগঞ্জ এলাকাটি নদী ভাঙনের কবলে পড়া একটি গ্রাম। নসরতপুর পঞ্চায়েতের মধ্য দিয়ে বয়ে চলা ভাগীরথীর অপর পাড়ে অবস্থিত প্রত্যন্ত একটি গ্রাম কিশোরগঞ্জ। এই এলাকার বেশিরভাগ মানুষই কৃষি কাজের উপর নির্ভর করে তাদের জীবিকা নির্বাহ করে। সেই কৃষি জমিও একটু একটু করে নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। একসময় এই এলাকায় ২৭২ টি পরিবার বসবাস করতেন ।নদী ভাঙ্গনের ফলে অনেকেই সেখান থেকে সরে গিয়েছেন। বর্ষার মরশুমে নদী ভাঙ্গন চরম আকার ধারণ করেছে। একে একে নদী গর্ভে বিলীন হয়ে যাচ্ছে চাষের জমি থেকে ভিটেমাটি সব। সহায় সম্বলহীন অসহায় মানুষ গুলো বিপদ সংকুল পরিস্থিতির মধ্যে জীবন হাতে নিয়ে আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। সরকার বাহাদুরের কাছে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার কাতর অনুরোধ এলাকাবাসীর।




ধনেখালি শরৎ সেন্টিনারী কলেজের এনএসএস ইউনিটের ব্যবস্থাপনায় এবং ধনেখালি থানা,জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ এবং স্বেচ্ছাসেবী সংস্থা স্টার্ট আপ ফাউন্ডেশনের সহযোগিতায় ধনেখালি কলেজ অডিটরিয়াম হলে ছাত্র ছাত্রীদের নিয়ে গত মঙ্গলবার অনুষ্ঠিত হল সাইবার ক্রাইম, বাল্যবিবাহ,শিশুশ্রম,নারী অধিকার,জলবায়ু নিয়ন্ত্রণ ও বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে একটি সচেতনতা মূলক আলোচনা সভা। সোমসপুর কালীকুমার উচ্চ বিদ্যালয়ে এবং বোসো প্রিয়নাথ উচ্চ বিদ্যালয়েও এদিন একই বিষয়ের উপর আরও দুটি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়।



জামালপুর ব্লকের আবুজহাটি ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কেওটারা ১৭২ নং অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে কেওটারা কুমার পাড়া দুর্গা দালান পর্যন্ত প্রায় দেড় কিলোমিটার রাস্তার বেহাল দশা।চলাফেরা করাই দায়।বার বার পঞ্চায়েতে জানিয়েও এখনও পর্যন্ত কোনো সুরাহা হয়নি বলে অভিযোগ।চরম ভোগান্তির শিকার এলাকার মানুষজন।



অমরপুর নীলবীণা ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে সোসাইটি প্রাঙ্গনে শনিবার ৫ জুলাই যথাযথ মর্যাদা ও শ্রদ্ধার সঙ্গে পালিত হল বাংলার প্রথম কৃষি বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা রায়বাহাদুর মন্মথ পালের ১৫৩ তম জন্মদিন।



কসবা ধর্ষণ কান্ডে জড়িত দোষীদের কঠোর শাস্তির দাবিতে ধনেখালির ফিডার রোডে বিজেপির অবস্থান বিক্ষোভ।

KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806

# পরিযায়ী শ্রমিকদের পাশে লিবারেশন নেতৃত্ব



নিজস্ব সংবাদদাতা - ঝাড়সুগুড়ায় উড়িষ্যা পুলিশ কর্তৃক ২ দিন ধরে অবৈধভাবে আটক চুঁচুড়া রবীন্দ্রনগরের পরিযায়ী শ্রমিক দেবাশিস দাসের সাথে রবিবার দেখা করলেন সিপিআই (এমএল) লিবারেশনের হুগলি জেলা কমিটির একটি প্রতিনিধিদল ।৫ জনের এই প্রতিনিধি দলে ছিলেন সিপিআই এমএল জেলা কমিটি সদস্য ভিয়েত ব্যানার্জি, আনারুল সেখ, গোপাল রায়, শৈলেন মাজি, সজল অধিকারী। চুঁচুড়া রবীন্দ্রনগরে রাস্তার ধারে দেবাশিসদের একটি চায়ের দোকান আছে ।দোকান চালান দেবাশিসের মা বিভা দাস ও দেবাশিসের দাদা ।দেবাশিস বিবাহিত,৬ বছরের পুত্র সন্তান ।পেটের দায়েই একটি এজেন্সির হয়ে ঐ শিল্প শহরে ফায়ার সিস্টেমের কাজে যাওয়া ।৪ দিন আগে সাত সকালে তাঁদের কাজের জায়গা থেকেই তুলে নিয়ে যায় পুলিশ, অভিযোগ ।আটকে রাখা হয় ২ দিন ।ফোন পর্যন্ত কেড়ে নেওয়া হয় বলে অভিযোগ ।এই ঘটনায় গভীর উদ্বিগ্ন পরিবারটি ।পরিযায়ী শ্রমিকদের বিজেপি শাসিত রাজ্যে এই নির্যাতন নিয়ে সিপিআই (এমএল) যা যা উদ্যোগ নিয়েছে,তা দেবাশিসকে জানান প্রতিনিধি দলের সদস্যরা এবং আগামীকাল ১৬ জুলাই উৎকল ভবনে বিক্ষোভ ডেপুটেশনে উপস্থিত থাকতে দেবাশিসকে আহ্বান জানান সিপিআইএমএল লিবারেশনের প্রতিনিধি দলের সদস্যরা।

# বাবা মায়ের ৫০ তম বিবাহ বার্ষিকী উপলক্ষ্যে এলাহি আয়োজন মিশ্র পরিবারে !



নিজস্ব সংবাদদাতা - আমরা সকলেই আমাদের বাবা-মায়ের দিকে তাকিয়ে বড় হয়েছি ।তাদের কাছ থেকে ভালোবাসা এবং সম্পর্কের প্রকৃত অর্থ কী তা শিখেছি ।তাদের ভালোবাসা অবশ্যই উদযাপনের যোগ্য,যা অনেকেই যথাযোগ্য মর্যাদার সহিত পালন করে থাকে ।এমনই এক ছবি ধরা পড়ল আমাদের ক্যামেরায় মালদা শহরের সর্বমঙ্গলা পল্লীতে মিশ্র পরিবারে ।বাবা মায়ের ৫০ তম বিবাহ বার্ষিকী পালন করলেন দুই ছেলে ও পরিবারের সকলে মিলে ।এ যেনো এক অভিনব উদ্যোগে বাবা মা কে খুশি দেখার এক অনন্য উদাহরণ ।অবিকল বিয়ের আসর ।সকাল থেকেই বর ও কনের সাজে ৭৩ ও ৭৮ বছরের বৃদ্ধ বাবা মা ।পরিবারের দুই বউ নাতি নাতনী সকলে মিলে সাজালেন বর ও কনেকে। বিলাসবহুল গাড়িতে করে বাবা মা কে ঘোরানো হলো শহর জুড়ে ।এর পর পাড়া প্রতিবেশী আত্মীয় স্বজনদের নিয়ে বসে খাওয়ার আয়োজন ।বাড়িতে অর্কেস্ট্রার আয়োজন থেকে কিছুই যেনো বাদ পড়েনি বিবাহ বার্ষিকীর আসরে ।আনন্দ উপভোগ করতে গান গাইলেন বড় ছেলের স্ত্রী,কোমর দোলালেন ছোট ছেলের স্ত্রীও। ক্যামেরার সামনে আবেগপ্রবণ হয়ে পড়লেন ছেলেরাও ।জানালেন এই আয়োজন করতে পেরে তারা অত্যন্ত খুশি। খুশি পরিবারের মিশ্র পরিবারের দুই বউও।



গত মঙ্গলবার বিকেলে অনুষ্ঠিত হল পূর্ব বর্ধমান জেলা ক্রীড়া সংস্থার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ।২০২২-২০২৩,২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ এই তিন বছরে ফুটবল, ক্রিকেট ও অ্যাথলেটিকে অংশগ্রহণকারী ক্লাব ও ক্রীড়াবিদদের দক্ষতার ভিত্তিতে এদিন পুরস্কার দেওয়া হল ।উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমানের জেলা শাসক তথা জেলা ক্রীড়া সংস্থার সভাপতি আয়েশা রানী এ,বর্ধমান দক্ষিণ বিধানসভার বিধায়ক তথা সংস্থার সহ সভাপতি খোকন দাস, বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ ।প্রথম বিভাগ,দ্বিতীয় বিভাগ ও তৃতীয় বিভাগে ক্রিকেট ও ফুটবল প্রতিযোগিতায় বিজয়ী ও বিজিত দল গুলিকে আর্থিক পুরস্কার দেওয়া হয়। কলকাতার ক্লাবগুলিকে বাদ দিলে ১২৫ বছরের প্রাচীন এই বর্ধমান জেলা ক্রীড়া সংস্থার পরিকাঠমো রাজ্যের অন্যান্য জেলা থেকে অনেকটাই এগিয়ে আছে,এমনটাই জানালেন উদ্যোক্তারা।

# বিস্ফোরক বাসুদেব পাল !

নিজস্ব প্রতিবেদন - পূর্ব বর্ধমান জেলার



জামালপুর ব্লকের শুঁড়েকালনা শুভম লজে রবিবার অনুষ্ঠিত হল এলআইসি এজেন্টস অর্গানাইজেশন অফ ইন্ডিয়ার মেমারি শাখার ১৩ তম দ্বিবার্ষিক সম্মেলন ।নূন্যতম সাম অ্যাসিওরড ১ লক্ষ টাকা,এলআইসি পলিসি থেকে জিএসটি প্রত্যাহার সহ ১৪ দফা দাবিতে সরব হন সম্মেলনে আগত প্রতিনিধিরা ।দাবি দাওয়া পূরণ না হলে ম্যানেজমেন্টের বিরুদ্ধে রাস্তায় নেমে তীব্র আন্দোলনের হুঁশিয়ারি দিলেন এলআইসি এজেন্টস অর্গানাইজেশন অফ ইন্ডিয়ার কেন্দ্রীয় কমিটির সদস্য বাসুদেব পাল।

(প্রথম পাতার পর)

# এক নজরে

করার জন্য মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী আমার কাছ থেকে ৪০ লক্ষ টাকা নিয়েছেক্ষ্ম,বিস্ফোরক অভিযোগ করলেন মেমারি ২ নং পঞ্চায়েত সমিতির সভাপতি ময়না হালদার টুডু।

● প্রয়াত হুগলি জেলার বিশিষ্ট সাংবাদিক নীলরতন কুন্ডু।

● পূর্ব বর্ধমান জেলার জামালপুরের শিপতাইয়ে সেচ খাল সংস্কারের অজুহাতে নির্বিচারে কেটে ফেলা হচ্ছে বাঁধের গাছ,অভিযোগ ।গাছ বাঁচিয়ে কি খাল সংস্কার করা যেত না ? উঠছে প্রশ্ন।

● মহরমের মিছিলে অস্ত্র কেন ? ধর্মের নামে এসব হচ্ছেটা কী ? মহরম হোক বা রাম নবমী,বন্ধ হোক অস্ত্র মিছিল। শান্তি-সম্প্রীতি বজায় রাখতে অস্ত্র মিছিল রুখতে কড়া ব্যবস্থা নিক প্রশাসন।

● রাজনীতির কারবারিরা নিজেদের স্বার্থে সুকৌশলে ব্যবহার করছে মুসলমানদের। অশিক্ষা আর অজ্ঞতার কারণে তাদের পাতা ফাঁদে পা দিচ্ছে অনেকেই ।মারছে মুসলমান,মরছেও মুসলমান, অভিযোগ।

● ডিভিসি'র ক্যানেল সংস্কার হচ্ছে ভালো কথা,কিন্তু কাজ শুরুর আগে কাজের জায়গায় কাজের খতিয়ান সহ বোর্ড নেই কেন ? কি কাজ হবে তা জানার অধিকার তো জনগণের আছে, তাই না ?

● নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আকাশছোঁয়া ।সংসার চালাতে হিমশিম খাচ্ছেন সাধারণ মধ্যবিত্ত মানুষজন ।আলুর দাম বাড়লেই যারা মাঠে নেমে পড়েন সেই টাস্ক ফোর্স এখন কোথায়? উঠছে প্রশ্ন।

● বীজতলা থেকে এখন ধান বীজও চুরি হচ্ছে ! শনিবার রাতে পাহাড়পুর এলাকার মাঠ থেকে প্রায় ১৫ টা কিষেনের ধানবীজ ভেঙে নেওয়া হয়েছে বলে অভিযোগ ।ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

● বাড়ি করছেন বা ব্যবসা করছেন ভালো কথা ।কিন্তু আপনার বাড়ি তৈরির বা ব্যবসার ইমারতি দ্রব্য, কাঠের গুঁড়ি,চার চাকা গাড়ি ব্যস্ত রাস্তার পাশে দিনের পর দিন রেখে দিয়ে মানুষের চলাচলের অসুবিধা সৃষ্টি করছেন কেন ? রাস্তার ঠিক পাশেই কাঠের গুঁড়ি,চার চাকা গাড়ি,ইট,বালি,পাথর রাখার জন্য তো পথ চলতি মানুষজন দুর্ঘটনার কবলে পড়ছেন ।আপনার ব্যবসার মালপত্র কিংবা বাড়ি তৈরির জন্য ইমারতি দ্রব্য রাস্তা থেকে দূরে রাখুন ।মনে রাখবেন,আপনার সামান্য ভুলের কারণে ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা,চলে যেতে পারে কারো প্রাণ।

# অজয় নদে ভেসে গেল কজওয়ে ! বীরভূম-বর্ধমান যোগাযোগ বিচ্ছিন্ন

নিজস্ব সংবাদদাতা - ঝাড়খণ্ডে টানা বৃষ্টিপাত ও নিম্নচাপের জেরে অজয় নদের জলস্তর বেড়েছে ।যার ফলে ৭ জুলাই সোমবার বিকেলে নদীর উপর থাকা ইলামবাজারের জয়দেব অস্থায়ী কজওয়ে ভেসে যায় জলের তোড়ে ।এর জেরে কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছে বীরভূম ও পশ্চিম বর্ধমান জেলা ।নদের দুই পাড়ে থাকা প্রায় ২৫ থেকে ৩০টি গ্রামের মানুষ প্রতিদিন এই কজওয়ে ব্যবহার করতেন ব্যবসা ও স্কুল-কলেজে যাওয়ার জন্য। এখন সেই যোগাযোগ পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।অন্যদিকে, কিছুটা দূরত্বে তৈরি হয়ে পড়ে থাকা একটি কংক্রিটের স্থায়ী সেতু এখনো চালু না হওয়ায় ক্ষোভে ফুঁসছেন এলাকাবাসী। অভিযোগ, কোনো অজানা কারণে সেতুটি জনসাধারণের জন্য খুলে দেওয়া হচ্ছে না। আপাতত সেখানে শুধুমাত্র দুই চাকা গাড়ি ও অ্যাম্বুলেন্স চলাচলের অনুমতি দেওয়া হয়েছে ।ফলে জয়দেব, টিকরবেতা, রঘুনাথপুর, সুগড় সহ একাধিক গ্রামের মানুষদের প্রায় ৪০ কিমি ঘুরপথে যাতায়াত করতে বাধ্য হতে হচ্ছে ।স্থানীয়দের দাবি, তৈরি হয়ে যাওয়া সেতুটি অবিলম্বে সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হোক,না হলে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় চরম দুর্ভোগের শিকার হতে হচ্ছে।



পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের পশ্চিমবঙ্গ নৃত্য আকাডেমর আয়োজনে ও পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলে সোমবার ৭ জুলাই থেকে ৯ জুলাই বুধবার পর্যন্ত অনুষ্ঠিত হল তিনদিনের জেলা স্তরের কত্থক নৃত্যের কর্মশালা। বুধবার সমস্ত অংশ গ্রহণকারী ছাত্র ছাত্রীদের শংসাপত্র প্রদান করা হয় ।প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন স্বনামধন্য কত্থক নৃত্য শিল্পী অমিতা দত্ত ।গত সোমবার প্রদীপ প্রজ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন পশ্চিমবঙ্গ নৃত্য আকাডেমির সচিব সূর্য ব্যানার্জী ও প্রশিক্ষক অমিতা দত্ত কর্মশালায় অডিশনের মাধ্যমে ৪৮ জন ছাত্রছাত্রীদের বাছাই করা হয়েছে। কর্মশালায় অংশগ্রহণ করতে পেরে খুশি ছাত্র ছাত্রীরা ।ছাত্র ছাত্রীদের মান উন্নয়নে এই কর্মশালা বলে জানা গেছে।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com